

## বরগুনার স্কুলে বিদ্যুট খেয়ে ৩৫২ শিক্ষার্থী অসুস্থ

বরগুনা প্রতিনিধি

মঙ্গলবার সকালে বিশ্ব খাদ্য কর্মসূচির বিদ্যুট খেয়ে বরগুনার পেটকাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩৫২ জন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছে। তাদের বেশিরভাগই প্রাথমিক চিকিৎসা নিয়ে সুস্থ হয়েও ৪৮ জনকে বরগুনা জেনারেল হাসপাতালে ভর্তি করে প্রোগ্রাম স্যালাইন দিয়ে সুস্থ করতে হয়েছে। শিশুদের অসুস্থ হওয়ার খবরে আতঙ্কিত অভিভাবকরা লাঙ্গিসেটা নিয়ে বিদ্যালয়ে হামলা চালিয়ে দরজা-জানালা ভাঙল করেছিল। আধা ঘণ্টা পর পুলিশ সেখানে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। বরগুনা জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ৩৫২ জন শ্রেণীর ছাত্র বালিনুর বহমান, অসুস্থ পৃষ্ঠা ১০ : কলাম ১



যুগান্তর

বরগুনা হাসপাতালে মঙ্গলবার অসুস্থ শিশুদের ভিড়

## অসুস্থ : বরগুনার

(শেষ পৃষ্ঠার পর)

শ্রেণীর ছাত্র বালিনুর বহমান চতুর্থ বিত্তীয় শ্রেণীর ছাত্রী ফেরদৌসী আক্তারসহ অসুস্থ শিক্ষার্থীরা জানায়, সকাল ১০টার দিকে তাদের বিদ্যুট খেতে দেয়া হয়। বিদ্যুট খাওয়ার সঙ্গে সঙ্গেই তাদের পেটের ব্যথা শুরু হয়ে যায়। অনেকেই ঘনি করতে করতে মাথা ঘুরে পড়ে যায়। তারা আরাও জানায়, তাদের যে বিদ্যুট খেতে দেয়া হয়েছিল তা প্রতিদিনের মতো টাটকা ছিল না। তাদের ধারণা, বিদ্যুট নষ্ট হওয়ার কারণে তারা অসুস্থ হয়ে পড়েছে। এ ব্যাপারে বরগুনা জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. আবদুল সাদাম জানান, সকালে রোগে খেপাখুলা গেছে খালি পেটে উক্ত পুষ্টিসম্পন্ন বিদ্যুট খেয়ে শিশুরা অসুস্থ হয়ে পড়েছে। বরগুনা জেলা প্রশাসক হপন কুমার সরকার জানান, শিশুদের যে বিদ্যুট খাওয়ানো হয়েছে তা মেয়াদোত্তীর্ণ হয়নি। তিনিসহ বহুসংখ্যক বিদ্যুট খেতে দেখেছেন, কেউই অসুস্থ হননি। বরগুনা-১ আসনের জাতীয় সংসদ সদস্য আক্তারুজ্জোকেট বীরেন্দ্র দেবনাথ শঙ্ক বলেন, বদহজমের কারণে ২/১ জন শিশু অসুস্থ হয়ে পড়লেও ককিরা আতঙ্কে অসুস্থ হয়। তিনিসহ সদর উপজেলা চেয়ারম্যান লে. কর্নেল (অব.) আবদুল খালেক, ডাঃইস চেয়ারম্যান রেজবুল কবির, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির হ্যাড মাইকে মোহাম্মদা দিয়ে হাসপাতালে উপস্থিত সহস্রাধিক অভিভাবককে সাবুনা দিয়ে আতঙ্কিত না হওয়ার অনুরোধ জানান। এ রিপোর্ট লেখা পর্যন্ত ২২ শিশু হাসপাতালে চিকিৎসাধীন ছিল। বিকালে বরগুনা জেলা প্রশাসক হপন কুমার সরকারের সভাপতিত্বে জরুরি সভা করে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ আবদুল আলীমকে আজ্ঞায়িত করে সাত সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।